

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২, ইলম ও আলিমের মর্যাদা

# بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

#### আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ الرَّبِيعِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنِ الْحَسَنِ بْنِ ذَكْوَانَ، عَنِ ابْنِ سِيرِينَ، قَالَ: دَخَلْتُ الْمَسْجِدَ فَإِذَا الْأَسْوَدُ بْنُ سُرَيْعِ يَقُصُّ، وَحُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ يَذْكُرُ الْعِلْمَ فِي نَاحِيَةِ الْمَسْجِدِ، فَمَيَّلْتُ إِلَى أَيِّهِمَا أَجْلِسُ، فَنَعَسْتُ فَأَتَانِي آتٍ فَقَالَ: مَيَّلْتَ إِلَى أَيِّهِمَا أَجْلِسُ، فَنَعَسْتُ فَأَتَانِي آتٍ فَقَالَ: مَيَّلْتَ إِلَى أَيِّهِمَا تَجْلِسُ عَلَيْهِ السَّلَامُ مِنْ حُمَيْدِ بْنِ عَبْدِ مَيَّلْتَ إِلَى أَيِّهِمَا لَرَيْتُكَ مَكَانَ جِبْرَائِيلَ عَلَيْهِ السَّلَامُ مِنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ

إسناده ضعيف الحسن بن ذكوان متهم بالتدليس وقد عنعن وباقى رجاله ثقات

#### বাংলা

৩৫৩. ইবনু সীরীন রাহি. বলেন: আমি আমি মসজিদে এমন সময় গেলাম যখন আল আসওয়াদ ইবনু সারী'[1] কিচ্ছা-কাহিনীর মাধ্যমে ওয়াজ করছিলেন এবং হুমাইদ ইবনু আব্দুর রহমান মসজিদের এক কোণে ইলমের আলোচনা করছিলেন। আমি দো'টানায় পড়ে গেলাম আমি কোন্ মজলিসে বসবো। তারপর আমি তন্দ্রাচ্ছন্ন হয়ে গেলাম, ফলে (স্বপ্নে) আমার নিকট একজন আগন্তুক এসে বললো: তুমি কোন্ মজলিসের দিকে বসবে, সে ব্যাপারে কি তুমি দ্বিধান্বিত? তুমি যদি চাও তবে হুমাইদ ইবনু আব্দুর রহমান-এর স্থান হতে জিবরীল আলাইহিস সালামের অবস্থান আমি তোমাকে দেখাতে পারি।[2]

### ফুটনোট

[1] মুলে রয়েছে 'সামীর ইবনু আব্দুর রহমান' কিন্তু সেটি ভুল। সঠিক হলো যা আমরা সাব্যস্ত করেছি (আল আসওয়াদ ইবনু সারী')। দেখুন মাছাদীরুত তাখরীজ ও আসাদৃল গাবাহ ১/১০৪। (মুহাকিক)



[2] তাহকীক্ব: এর সনদ যয়ীফ। হাসান ইবনু যাকওয়ান তাদলীসের দোষে অভিযুক্ত আর সে এখানে 'আন 'আন পদ্ধতিতে বর্ণনা করেছেন। অন্যান্য রাবীগণ নির্ভরযোগ্য।

তাখরীজ: ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম, নং ২১৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন